

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পানি সম্পদ মন্ত্রণালয়  
উন্নয়ন-১ অধিশাখা


নং-৪২.০০.০০০০.০৩৪.৯৯.০০২.১৭-৫৩০

২২ কার্তিক ১৪২৪  
তারিখ : -----  
০৬ নভেম্বর ২০১৭

বিষয় : পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নযোগ্য প্রকল্পসমূহের কার্যক্রম ডিপিএম পদ্ধতিতে বাস্তবায়ন।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন প্রকল্পসমূহ সংশ্লিষ্ট প্রকল্পের ডিপিএম'র সংস্থান অনুযায়ী নির্ধারিত প্রক্রিয়া অনুসরণপূর্বক বাস্তবায়ন করা হয়ে থাকে। তবে বাস্তবতার নিরীখে ক্ষেত্রবিশেষে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে ডিপিএমে নির্ধারিত প্রক্রিয়ার পরিবর্তে সময়পোযোগী প্রক্রিয়া অনুসরণ করা হয়। বাস্তবায়ন প্রক্রিয়া পরিবর্তনের ক্ষেত্রে যৌক্তিকতা বিবেচনায় রেখে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করে একক ঠিকাদারী প্রতিষ্ঠানকে কার্যাদেশ দেয়া হয়। অনেক সময় বিভিন্ন সরকারি প্রতিষ্ঠান নির্দিষ্ট প্রকল্পের ভৌত কাজসমূহ বাস্তবায়নের আগ্রহ প্রকাশ করে স্ব-উদ্যোগে মন্ত্রণালয়ে আবেদন করে থাকে। এরূপ ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর ব্যত্যয় ঘটে ও জটিলতার সৃষ্টি হয়। এছাড়া ভবিষ্যতে অডিট আপত্তিসহ বিভিন্ন জটিলতার আশংকা থাকে। পিপিআর-২০০৮ এর বিধি ৭৫ ও ৭৬ অনুযায়ী পানি সম্পদ মন্ত্রণালয় প্রয়োজনে সরাসরি ক্রয় পদ্ধতিতে একক প্রতিষ্ঠান কর্তৃক বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করে থাকে।

২। বর্ণিতাবস্থায়, পানি সম্পদ মন্ত্রণালয়ের প্রকল্পসমূহ বাস্তবায়নে আগ্রহ প্রকাশ করে স্ব-উদ্যোগে সরাসরি মন্ত্রণালয়ে আবেদন না দেয়ার জন্য নির্দেশক্রমে বিশেষভাবে অনুরোধ করা হলো।

  
(নুজহাত ইয়াসমিন)  
যুগ্মসচিব  
৯৫৭৬৭৭৮

মহাপরিচালক  
সেনা কল্যাণ সংস্থা  
রাওয়া কমপ্লেক্স (লেভেল-৬)  
ভিআইপি রোড  
মহাখালী, ঢাকা-১২০৬।

অনুলিপিঃ

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। প্রোগ্রামার, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে দেয়ার জন্য অনুরোধ করা হবে)।